দৈনিক বাংলা

তারিখ ... ৭|৩|৭৪ ...
পৃষ্ঠা ... ১ ... কলাম ... 7 ...

0:6

# আজ এসএসসি পরীক্ষা শুরু

(স্টাফ রিপোর্টার)

আজ দেশের সব ক'টি মাধ্যমিক শিক্ষা বোর্ডের এসএসসি পরীক্ষা শুরু হচ্ছে।

ঢাকা বোর্ডের অধীনে বিদেশে ৭টি কেন্দ্রসহ মোট ৯১টি কেন্দ্রে ৫৮ হাজার ২৫৫ জন ছাত্রছাত্রী এই পরীক্ষায় অংশ নিচ্ছেন।

বিদেশের কেন্দ্রগুলো হচ্ছে— লন্ডন, ত্রিপোলী, সৌদী আরব ও কাতার।

ঢাকা বোর্ডের মোট পরীক্ষার্থীদের মধ্যে কলা বিভাগে রয়েছেন ৩০ হাজার ৬৬৬ জন বিজ্ঞান বিভাগে, ১৯ হাজার ১৩৭ জন বাণিজ্য বিভাগে, ৫ হাজার ৪৬৯ জন কৃষি ২ হাজার ৩১৫ জন, গার্হস্থ্য অর্থনীতি ৪৪৫ জন এবং শিল্পকলা বিভাগে রয়েছেন ১শ' ২৩ জন পরীক্ষার্থী।

ঢাকা মহানগরীতে ৪টি জোনে মোট ২৭টি উপকেন্দ্রে পরীক্ষা অনুষ্ঠিত হচ্ছে। মহানগরীর উপকেন্দ্রগুলোতে পরীক্ষায় অংশগ্রহণ করছেন প্রায় ১০ হাজার ছাত্রছাত্রী।

## কেন্দ্র পরিবর্তন

ইউনিভার্সিটি ল্যাবরেটরী হাই স্কুলের পুরুষ পরীক্ষার্থীদের আসন গভর্নমেন্ট ল্যাবরেটরী উপকেন্দ্র থেকে ওয়েস্ট এন্ড হাই স্কুলে স্থানান্তরিত করা হয়েছে।

গতকাল ঢাকা পশ্চিমাঞ্চলীয় এসএসসি পরীক্ষা কেন্দ্র কমিটির এক বিজ্ঞপ্তিতে একথা জানানো হয়।